# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৮১

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - ওয়া‘দা বা প্রতিশ্রুতি

## আরবী

وَعَن زيد بن أَرقم عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا وَعَدَ الرَّجُلُ أَخَاهُ وَمِنْ نِيَّتِهِ أَنْ يَفِيَ لَهُ فَلَمْ يَفِ وَلَمَ يَجِئْ لِلْمِيعَادِ فَلَا إِثْمَ عَلَيْهِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ

## বাংলা

৪৮৮১-[৪] যায়দ ইবনু আরকাম (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যখন কোন ব্যক্তি তার কোন ভাইয়ের সাথে কোন বিষয়ে প্রতিশ্রুতি দেয়, আর তার এ অভিপ্রায় থাকে যে, সে প্রতিশ্রুতি পালন করবে। অতঃপর কোন কারণবশতঃ প্রতিশ্রুতি পালন করতে পারল না এবং সময় মতো এলো না, তবে তার পাপ হবে না। (আবূ দাঊদ ও তিরমিযী)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৪৯৯৫, তিরমিযী ২৬৩৫।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে ‘‘আবুল নু‘মান ও আবূ ওয়াক্কাস’’ নামে দু’জন মাজহূল বা অপরিচিত বর্ণনাকারী আছে। দেখুন- সিলসিলাতুয্ য‘ঈফাহ্ ১৪৪৭ নং হাদীসের আলোচনা দ্রঃ। আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৪৯৪০, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২১৩৫৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِذَا وَعَدَ الرَّجُلُ أَخَاهُ وَمِنْ نِيَّتِه أَنْ يَفِيَ) যদি কোন ব্যক্তি তার ভাইয়ের সাথে কোন ব্যাপারে ওয়া‘দা করে থাকে আর তা পালন করার নিয়্যাতও রাখে কিন্তু কোন কারণবশতঃ তা পালন করতে না পারে এবং উক্ত ওয়া‘দার স্থানে পৌঁছতে না পারে তাহলে তার কোন গুনাহ হবে না।

এ হাদীসের শিক্ষা হলো, কেউ যদি খাঁটিভাবে নিয়্যাত করে তাহলে উক্ত ওয়া‘দা কোন কারণে পালন করতে না

পারে তাহলেও সে সাওয়াব পাবে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরক্বাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75605

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন